

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্মারক নং- ৩৪.০০.০০০০.০৪১.০২.০০১.১৫.১৩৪৫

প্রাপকঃ প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা,
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সচিবালয় ভবন, ৩য় ফেজ
সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়ঃ গৃহ নির্মাণ অগ্রিম মঞ্জুরী প্রসঙ্গে।

মহোদয়,

নির্দেশিত হয়ে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের অধীনস্থ যুব উন্নয়ন অধিদপ্তরের নিম্নবর্ণিত কর্মচারীর অনুকূলে গৃহ নির্মাণ অগ্রিম বাবদ ১,২০,০০০/- (এক লক্ষ বিশ হাজার) টাকা ঋণ মঞ্জুরী জ্ঞাপন করছি। বরাদ্দকৃত অর্থ হতে বি.এফ.আর-২৯৩(এ)-এর বিধি মোতাবেক জমি ক্রয়, রেজিস্ট্রি সম্পাদন ও খরচাদির টাকা বাবদ ৬০% হারে এ আদেশে প্রথম কিস্তি স্বরূপ ৭২,০০০/- (বাহাত্তর হাজার) এবং ৪০% হারে দ্বিতীয় কিস্তির ৪৮,০০০/- (আটচল্লিশ হাজার) টাকা অগ্রিম মঞ্জুরী প্রদান করা হলো :

কর্মচারীর নাম, পদবী ও কর্মস্থলের ঠিকানা	মূল বেতন	কিস্তির পরিমাণ	কর্তনের হার	চাকুরীতে স্থায়ী/ অস্থায়ী	জন্ম তারিখ	চাকুরীতে যোগদানের তারিখ	মন্তব্য
মোঃ মন্টু কবিরাজ পরিচালক কর্মী উপপরিচালকের কার্যালয় যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।	১৪,০১০/-	১২০ কিস্তি	১০০০/- (এক হাজার) টাকা	স্থায়ী	০১-১২-১৯৬৬	২৫-০৯-১৯৯৪	তিনি ইতোপূর্বে গৃহ নির্মাণ অগ্রিম গ্রহণ করেননি।

- ২। অগ্রিম গ্রহণের দ্বাদশ মাসের পর হতে উক্ত অগ্রিমের টাকা কর্তন আরম্ভ হবে। এ ঋণের উপর শতকরা ১০%(দশ) হারে সুদ বর্তাবে। মূল টাকা আদায়ের পর সুদ কিস্তিতে আদায় করা হবে। যদি কোন কারণ বশতঃ মূল কোন কিস্তি অথবা তজ্জনিত সুদের কিস্তি দিতে ব্যর্থ হলে শাস্তিমূলক (প্যানাল ইন্টারেস্ট) বার্ষিক শতকরা ১১% চক্রবৃদ্ধি হারে সুদ প্রদান করতে বাধ্য থাকবে।
- ৩। এ অগ্রিম সরকারের বাজেট খাতে চলতি ২০১৭-২০১৮ বাজেট মঞ্জুরী নং-৩৬ এর অধীন কোড নং-৩-৩৬০১-০০০১-৭৪০১-খাত থেকে মিটানো হবে।
- ৪। মঞ্জুরীকৃত টাকা তহবিলে জমা আছে।
- ৫। এ ঋণ মঞ্জুরীর ক্ষেত্রে প্রচলিত সকল নিয়ম কানুন অনুসৃত হয়েছে।
- ৬। দ্বিতীয় কিস্তির জন্য এ মঞ্জুরী জারীর ৪৫ (পঁয়তাল্লিশ) দিনের মধ্যে প্রয়োজনীয় কাগজপত্রসহ আবেদন করতে হবে। বর্তমান অর্থ বছরের দ্বিতীয় কিস্তির টাকা বর্তমান অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ হতে উত্তোলন করতে হবে। কোনক্রমেই পরবর্তী অর্থ বছরে বিবেচনা করার অবকাশ নেই।

আপনার বিশৃঙ্খল,

স্বাক্ষরিত/-

(হেসনা আফরোজা)

সিনিয়র সহকারী সচিব

ফোন : ৯৫৭৫৫০৫

তারিখঃ ২১-১২-২০১৭।

নং-৩৪.০০.০০০০.০৪১.০২.০০১.১৫.১৩৪৫

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

- ১। মহাপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ঠাকুরগাঁও।
- ৩। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, ঠাকুরগাঁও।
- ৪। জনাব মোঃ মন্টু কবিরাজ, উপপরিচালকের কার্যালয়, যুব প্রশিক্ষণ কেন্দ্র, যুব উন্নয়ন অধিদপ্তর, ঠাকুরগাঁও সদর, ঠাকুরগাঁও।

(হেসনা আফরোজা)

সিনিয়র সহকারী সচিব